

## ‘সংগীত প্রতিযোগিতা’ এর নির্দেশিকা

পুষ্টি সংবেদনশীল এবং কিশোর-কিশোরী বাঙ্গব স্থানীয় খাদ্য ব্যবস্থা

ইন্টারন্যাশনাল নিউট্রিশন অলিম্পিয়াড (INO) একটি বার্ষিক আন্তর্জাতিক আয়োজন, যেখানে কিশোর -কিশোরীরা এবং তরুণ-তরুণীরা স্বাস্থ্যকর খাদ্যাভ্যাস এবং পুষ্টি প্রচারের জন্য উদ্ভাবনী কার্যক্রমের মাধ্যমে তাদের অভিজ্ঞতা শেয়ার করতে পারে, পুষ্টি সম্পর্কিত চ্যালেঞ্জ ও উদ্বেগ প্রকাশ করতে পারে এবং কার্যকর সমাধান খুঁজে পেতে পারে। এটি নেটওয়ার্ক গড়ে তুলতেও সাহায্য করে। ২০১৭ সাল থেকে বিআইআইডি ফাউন্ডেশন বিভিন্ন সরকারি ও বেসরকারি সংস্থার সহযোগিতায় নিউট্রিশন অলিম্পিয়াড আয়োজন করে আসছে। পুষ্টি বিষয়ে জাতীয় ও আন্তর্জাতিক লক্ষ্য অর্জনে কিশোর-কিশোরী ও তরুণদের অংশগ্রহণ এবং নেতৃত্ব প্রতিষ্ঠায় ইন্টারন্যাশনাল নিউট্রিশন অলিম্পিয়াড কার্যকর ভূমিকা পালন করছে।

আগামী ২৪-২৫ এপ্রিল, ২০২৫ তারিখে ঢাকা, বাংলাদেশে ইন্টারন্যাশনাল নিউট্রিশন অলিম্পিয়াড (INO) ২০২৫ অনুষ্ঠিত হবে। কিশোর -কিশোরী এবং তরুণদের একক অথবা দলগতভাবে অলিম্পিয়াডে অংশগ্রহণ করতে উৎসাহিত করা হচ্ছে। ইন্টারন্যাশনাল নিউট্রিশন অলিম্পিয়াড ২০২৫ - এ বিভিন্ন প্রতিযোগিতা, সেমিনার, কর্মশালা এবং প্রদর্শনী আয়োজন করা হবে। এখানে মোট ১৫ টি প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে, যার মধ্যে একটি হলো 'সংগীত প্রতিযোগিতা'। ০৬ থেকে ২৪ বছর বয়সী যেকোনো ব্যক্তি 'সংগীত প্রতিযোগিতা'-তে অংশগ্রহণ করতে পারবেন। সংগীত প্রতিযোগিতা এর নির্দেশিকা নিচে দেওয়া হলঃ

### সংগীত প্রতিযোগিতা

ইন্টারন্যাশনাল নিউট্রিশন অলিম্পিয়াডে সংগীত প্রতিযোগিতা অংশগ্রহণকারীদের স্থানীয় খাদ্য ব্যবস্থা এবং পুষ্টি সম্পর্কিত সংগীত পরিবেশন করার সুযোগ দেয়। অংশগ্রহণকারীরা পুষ্টির সংবেদনশীল থিম প্রচারের জন্য লোকগীতি বা জনপ্রিয় সংগীত পরিবেশন করতে পারবেন।

### বয়স গ্রুপ:

গ্রুপ এ	গ্রুপ বি	গ্রুপ সি
০৬-১০	১১-১৮	১৯-২৪

### যোগ্যতা:

- প্রতিযোগীদের INO ২০২৫ ওয়েবসাইটে(www.nutritionolympiad.net) রেজিস্ট্রেশন ফরম পূরণ করতে হবে এবং রেজিস্ট্রেশন এর সময় 'সংগীত প্রতিযোগিতা' নির্বাচন করতে হবে।
- নির্ধারিত বয়সসীমার মধ্যে থাকা যে কোনো প্রতিযোগী এতে অংশগ্রহণ করতে পারবে।
- প্রতিযোগীরা এককভাবে বা দলবদ্ধ (সর্বাধিক ৩ জন) প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারে।
- প্রতিযোগী বা অভিভাবক বা প্রতিষ্ঠান ন্যূনতম আইটি সুবিধা [(ফোন, ইমেইল, হোয়াটসঅ্যাপ, জুম একাউন্ট (বাধ্যতামূলক নয়) থাকতে হবে।

### রেজিস্ট্রেশন:

সকল অংশগ্রহণকারীকে INO ২০২৫ এর নির্দিষ্ট ওয়েবসাইটে( www.nutritionolympiad.net) রেজিস্ট্রেশন করতে হবে। INO ২০২৫ ওয়েবসাইটের রেজিস্ট্রেশন লিংক ক্লিক করে 'সংগীত প্রতিযোগিতা' নির্বাচন করতে হবে।

রেজিস্ট্রেশনের সময়সীমা: মার্চ ৩১, ২০২৫ (রাত ১১টা ঢাকা সময়)

জমা দেয়ার সময়সীমা: এপ্রিল ০৬, ২০২৫ (রাত ১১টা, ঢাকা সময়)

সংগীত প্রতিযোগিতায় অংশগ্রহণের নির্দেশনা:

**১. প্রতিযোগীর তথ্য:**

নাম, বয়স, পদবি, প্রতিষ্ঠান, ঠিকানা, যোগাযোগ নম্বর এবং ইমেল।

**২. সঙ্গীতের গঠন:**

সময়	বিষয়বস্তু
১৫ সেকেন্ড	নিজেকে পরিচয় দিন (নাম, বয়স, এলাকা)
১৫ সেকেন্ড	সঙ্গীতের নাম এবং বিষয় সম্পর্কে সংক্ষিপ্ত ব্যাখ্যা দিন
২ মিনিট	সঙ্গীত পরিবেশন করুন

**৩. ভাষা:** বাংলা অথবা ইংরেজি।

**৪. জমা ও নির্বাচন প্রক্রিয়া:**

**প্রাথমিক নির্বাচন:**

- একক এবং দল (সর্বাধিক ৩ সদস্য) প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারবে।
- ভিন্ন ভিন্ন প্রতিষ্ঠান থেকে অংশগ্রহণকারীরা একত্রিত হতে পারবে।
- প্রতিযোগীরা তাদের নিজ নিজ প্রতিষ্ঠানের শিক্ষকদের উপস্থিতিতে সংগীত প্রতিযোগিতা পরিচালনা করবে।
- প্রতিষ্ঠান ৩ টি শ্রেষ্ঠ সংগীত নির্বাচন করবে এবং গুগল ফর্ম বা ইমেইল দ্বারা ভিডিও জমা দিবে।
- অংশগ্রহণকারীরা নিবন্ধন সময়েও একইভাবে ভিডিও জমা দিতে পারবেন।

**চূড়ান্ত নির্বাচন:**

- প্রতিটি বয়স গ্রুপ থেকে শীর্ষ ৫ জন অংশগ্রহণকারী INO ২০২৫ -এ তাদের সংগীত পরিবেশন করবে এবং বিচারকমন্ডলী প্রতিটি বয়স গ্রুপ থেকে শীর্ষ ৩ জন বিজয়ী নির্বাচন করবে।

**স্কোর ক্রাইটেরিয়াঃ**

ক্রম	বিষয়	নাম্বার
০১	সঙ্গীতটির বিষয়	২৫
০২	সঙ্গীতের গঠন এবং সুর	৩০
০৩	মূল বিষয়টির উপস্থাপন	৩০
০৪	নিয়ম অনুসরণ	১৫
মোট		১০০

**বিশেষ দ্রষ্টব্য:**

- বিচারকদের সিদ্ধান্ত চূড়ান্ত বলে বিবেচিত হবে এবং যেকোনো ধরনের অনৈতিক আচরণ করলে তাৎক্ষণিকভাবে অযোগ্য ঘোষণা করা হবে।
- চূড়ান্ত পর্বে প্রতিটি গ্রুপ থেকে শীর্ষ ৩ (তিন) প্রতিযোগী বা দলকে ইন্টারন্যাশনাল নিউট্রিশন অলিম্পিয়াড ২০২৫ এর সমাপনী অনুষ্ঠানে বিজয়ী ঘোষণা করা হবে।
- ভিডিও এবং অডিও এর গুণগতমান স্পষ্ট হতে হবে।

**যোগাযোগ:**

সংগীত প্রতিযোগিতা সংক্রান্ত যেকোনো তথ্য বা প্রশ্নের জন্য যোগাযোগ করুন:

ফোন: +৮৮০১৭৮২৫১০০৮৯ অথবা ইমেইল: [ino@biid.org.bd](mailto:ino@biid.org.bd)

একজন অংশগ্রহণকারী বা একটি দল সর্বোচ্চ ৩ (তিন) টি প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারবে।